দৈনিক সংবাদ

35

তারিখ OCT. 03 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪


# চিঠিপত্র

## সম্পাদক দায়ী নন

### শিক্ষামন্ত্রী সমীপে

জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অধীনে এম,এস-সি (পূর্বভাগ); প্রাণিবিদ্যা পরীক্ষা '৯৬ গত বছর ১৯৯৮ সালের আগস্ট মাসে অনুষ্ঠিত হয়। আমরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করি এবং মোটামুটি ভাল পরীক্ষা দিই। উক্ত পরীক্ষার রেজাল্ট প্রকাশের পূর্বেই চলতি বছরের ফেব্রুয়ারি মাসে আমাদেরকে মাস্টার্স শেষ ভাগ-এ ভর্তির জন্য শেষ তারিখ উল্লেখসহ বিশ্ববিদ্যালয় কর্তৃক বিজ্ঞপ্তি দেয়া হয়। আমরা যারা পূর্ব ভাগ-এ নিশ্চিত পাস করব তারা শেষ ভাগ-এ ভর্তি হই এবং শেষ ভাগ-এর জন্য নিয়মিত ক্লাস শুরু হলে আমরা ক্লাস ও পড়াশোনা করি। এদিকে দীর্ঘ এক বছর এক মাস পর গত ১৬/০৯/৯৯ তারিখে বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বভাগ প্রাণিবিদ্যার ফলাফল প্রকাশিত হয়। ফলাফলে আমাদের কলেজ হতে প্রায় ৫০ জন পরীক্ষার্থীর মধ্যে সর্বমোট ১ জন ছাত্র ও ৩ জন ছাত্রী দ্বিতীয় শ্রেণীতে পাস করে এবং আমরা অকৃতকার্য হই। ফরম পূরণের জন্য অকৃতকার্য শিক্ষার্থীদের মাত্র সাতদিন সময় দেয়া হয়। আমরা বহু কষ্টে আমাদের গৃহপালিত পশু গরু-ছাগল এমনকি হাঁস-মুরগি বিক্রি করে পুনরায় ফরম পূরণ করি। দুঃখের বিষয় কিছু কিছু শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের এই আজব নিয়মে হতভম্ব হয়ে মনের দুঃখে ফরম পূরণ করেনি এবং অনেকেই মাসের শেষে হঠাৎ করে সাতদিনের মধ্যে টাকা যোগাড় করতে না পারায় ফরম পূরণ করতে পারেনি। কর্তৃপক্ষ অকৃতকার্য শিক্ষার্থীদের শেষভাগে ভর্তি হওয়ার টাকা ফেরত দেয়ার কোন বিধান রাখেননি। অতি আশ্চর্যের ব্যাপার ফরম পূরণ করার মাত্র ২০ দিন পর অর্থাৎ ১৩/১০/৯৯ তারিখ হতে আমাদের পূর্বভাগ পরীক্ষা শুরু হতে যাচ্ছে।

মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়, আপনি নিশ্চয়ই জানেন জাতীয় বিশ্ববিদ্যালয় জাতির জন্য এক জাতীয় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের এই সমস্যা সম্বন্ধে অবগত আছেন। তাদের কাছে এ নিয়ে প্রশ্ন করলে কোন জবাব হয়তো ৫ বছরেও পাওয়া যাবে না বিধায় আপনার নিকট আমাদের প্রশ্ন—'আমরা কি করে মাত্র ২০ দিনের মধ্যে আমাদের অপ্রত্যাশিত ফলাফলের জন্য মানসিক দিক দিয়ে স্বাভাবিকতায় ফিরে আসব আর কিভাবে ২০ দিনের মধ্যেই কিছুটা রদবদলকৃত নতুন সিলেবাস—এর চারটি পত্রের পড়াশোনা আয়ত্ত করব'? উল্লেখ্য, মাস্টার্স (পূর্বভাগ); প্রাণিবিদ্যা ছাড়াও শুধুমাত্র রসায়ন, অর্থনীতি, বাংলা, ইতিহাস এবং ব্যবস্থাপনা বিষয়ে ফলাফল ছাড়া সব বিষয়ের ফলাফল ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। আমাদের মতো এসব বিষয়ের হাজার হাজার শিক্ষার্থীও বাধ্যতামূলকভাবে অনিশ্চয়তায় ভুগছে।



আমাদের ভবিষ্যৎ জীবনের দিকে লক্ষ্য রেখে উল্লিখিত বিষয়ের সুষ্ঠু সমাধানের নিমিত্তে আমরা আপনার আশু হস্তক্ষেপের জন্য সবিনয় অনুরোধ করছি।

হেলেনা পারভীন লাভলী
ফৌজিয়া বেগম লিজি
রীতি রাণী সরকার
হুমায়ুন কবির
ঈশান চন্দ্র রায়
আহসান উল্লাস হাসান
কবিরত হোসেন
রবিন কুমার বর্মণ
এম,এসসি পূর্বভাগ পরীক্ষার্থী।
প্রাণিবিদ্যা বিভাগ, কারমাইকেল কলেজ,
রংপুর